# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৫০১১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮৯৫৯ তারিখ: ২১-০৩-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৬-০৩-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৩৩৪৭)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কৃর্তপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলাধীন গোবিন্দকাটি মাধ্যমিক বিদ্যালয়ের এর দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব তন্ময় সরকার একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

২১-০৩-২০২২
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
02477762705

উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৫০১১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮৯৫৯ (৬) তারিখ: ২১-০৩-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক,সাতক্ষীরা।
২। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৪। প্রধান শিক্ষক, গোবিন্দকাটি মাধ্যমিক বিদ্যালয়, গোবিন্দকাটি, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৫। অভিযোগকারী, জনাব তন্ময় সরকার (০১৭১৬-৭০৯৪৪৭), গোবিন্দকাটি, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৬। অফিস নথি।

২১-০৩-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
02477762705

বরাবর

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয় ঃ সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলার গোবিন্দকাটী মাধ্যমিক বিদ্যালয়ের (EIIN-118744) প্রধান শিক্ষক কর্তৃক ২০০৯ এর প্রবিধানমালা অমান্য করে ম্যানেজিং কমিটি গঠনের নির্বাচন ও গঠন প্রক্রিয়া বে-আইনী হওয়ায় উক্ত কমিটির অনুমোদন না দেওয়া প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মানপূর্বক আমি নিম্নস্বাক্ষরকারী সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলার গোবিন্দকাটী মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যয়নরত শিক্ষার্থীর অভিভাবক হইতেছি। আমার বিনীত নিবেদন এই যে, অত্র বিদ্যালয় আপনার নিকট হইতে বিগত ইং ০৬/০৯/২০২১ তারিখে ০৬(ছয়) মাসের জন্য এডহক কমিটি অনুমোদন পায়। বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুলাই ৫, ২০০৯ সালের ৫৪৪৯ নং পৃষ্ঠায় ১৪ নং ক্রমিকে বর্ণনা মতে কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৩০(ত্রিশ) দিন পূর্বে ম্যানেজিং কমিটি গঠনের প্রক্রিয়া শেষ করে আপনার দপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ করিতে হইবে। মেয়াদ উত্তীর্ণের ০১(এক) দিন পূর্বে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা সম্পূর্ণভাবে প্রবিধানমালা ২০০৯ লংঘন। এজন্য অত্র বিদ্যালয় প্রবিধানমালা ২০০৯ সম্পূর্ণভাবে উপেক্ষা করে প্রধান শিক্ষক আইনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে নিজের হীন স্বার্থ চরিতার্থ করার জন্য নিজস্ব লোক নিয়ে ম্যানেজিং কমিটি গঠন করে আপনার নিকট অনুমোদনের জন্য প্রেরণ করেছেন। উক্ত কমিটি যাহাতে অনুমোদন না পায় তাহার জন্য অত্র আবেদন।

অতএব, জনাব আমার প্রার্থনা আবেদন পত্রে বর্ণিত সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলার গোবিন্দকাটী মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন প্রক্রিয়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর কর্তৃক প্রবিধানমালা ২০০৯ সম্পূর্ণ লংঘন করায় আপনার নিকট অনুমোদনের জন্য প্রেরিত ম্যানেজিং কমিটি বাতিল করত: পুনরায় এডহক কমিটি গঠনের আদেশ দানে মর্জি হয়।

তারিখ ঃ ০৬/০৩/২০২২ ইং।

বিনীত

তন্ময় সরকার

(তন্ময় সরকার)
অভিভাবক
গোবিন্দকাটী মাধ্যমিক বিদ্যালয়
কালিগঞ্জ, সাতক্ষীরা।
মোবা ঃ ০১৭১৬৭০৯৪৪৭